

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.naogaon.gov.bd

স্মারক নং: ৫১.০১.৬৪০০.১২৬.১৪.০০৪.২৪- ৫৭৩

তারিখ : ০৬/১০/২০২৪ খ্রি:।

বিষয় : ২০২৪-২০২৫ অর্থ বছরে আসন্ন প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা), ২০২৪ উদযাপন উপলক্ষে ত্রাণ কার্য (চাল) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার ০৩/১০/২০২৪ খ্রি: তারিখের ৫১.০১.০০০০.০১৫.২০.০৮৫.২৪-২৩৮ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আসন্ন প্রবারণা পূর্ণিমা (আশ্বিনী পূর্ণিমা), ২০২৪ উদযাপনের লক্ষ্যে এ জেলার নিম্নবর্ণিত ০১ টি উপজেলায় বৌদ্ধ মন্দিরে আগত ভক্তদের আহাৰ্য বাবদ বিতরণের জন্য মন্দির প্রতি ৫০০ (পাঁচশত) কেজি হারে ত্রাণ কার্য (চাল), উল্লিখিত শর্তসমূহ অনুসরণ করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নম্বর	উপজেলার নাম	উপজেলার স্মারক নম্বর ও তারিখ	বৌদ্ধ মন্দিরের সংখ্যা	উপ-বরাদ্দকৃত চালের পরিমাণ
০১	বদলগাছী	১৫৩/৩০.০৭.২০২৪	০৩	১.৫০০ (মেঃটন)
সর্বমোট			০৩ টি	১.৫০০ মে.টন

শর্তসমূহ:

- ০১। উপ-বরাদ্দকৃত চাল স্থানীয় খাদ্য গুদাম হতে উত্তোলন করতে হবে।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার তাঁর উপজেলার বৌদ্ধ মন্দির সমূহ নিজে/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দ্বারা সরেজমিনে পরিদর্শন পূর্বক বৌদ্ধ মন্দিরের সংখ্যা, আকার, ব্যাপকতা, আর্থিক সামর্থ্য/ স্বচ্ছলতা/ দারিদ্র্যতা এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলী বিবেচনা করে ত্রাণ কার্য (চাল) উপ-বরাদ্দ করবেন। মন্দিরের সংখ্যা কম হলে অতিরিক্ত/অব্যয়িত খাদ্যশস্য (চাল) মজুদ রেখে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।
- ০৩। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল) খাত হতে নির্বাহ করা হবে।
- ০৪। ত্রাণ কার্য (চাল) বিতরণে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ অনুসরণ পূর্বক সরকারী বিধি-বিধান পালন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।



(আশেকুর রহমান)

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

জেলা প্রশাসক, নওগাঁ এর পক্ষে।

e-mail : drronaogaon@ddm.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।



অনুলিপি : কার্যার্থে/ জ্ঞাতার্থে :

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বদলগাছী, নওগাঁ।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বদলগাছী, নওগাঁ।
- ৭। অফিস নথি